

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৩৬৬  
খোয়াই, ২৮ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা  
তুলাশিখর ব্লকের সীতেশ স্মৃতি কমিউনিটি হলে বিকাশ শিবির**

বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি তুলাশিখর ব্লকের সীতেশ স্মৃতি কমিউনিটি হলে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ব্লক আধিকারিক মানস মুড়াসিং সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। শিবিরে খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে ৬০টি ইনকাম, ৬৯টি ম্যারেজ সার্টিফিকেট, ১৭৬টি এসটি, ১৮৬টি পিআরটিসি, ৫০টি আখার এবং ৩৪টি রেশন কার্ড পাওয়ার জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। এছাড়া ৩০১টি আর ও আর পাওয়ার আবেদনপত্র ব্লক কার্যালয়ের পক্ষ থেকে জমা নেওয়া হয়। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনে ৩টি স্বসহায়ক দলকে ১৮ লক্ষ টাকা ঋণের চেক প্রদান করা হয়। পিএম জীবন জ্যোতি বীমা যোজনায় ৬ জন, পিএম সুরক্ষা বীমা যোজনায় ২০ জন এবং অটল পেনশন যোজনায় ১ জন সুবিধা পাওয়ার জন্য আবেদনপত্র জমা দেন। তাছাড়া ব্লক কার্যালয়ের পক্ষ থেকে ২ জন সুবিধাভোগীকে পিএম আবাস যোজনায় (গ্রামীণ) গৃহ নির্মাণ সম্পন্ন করার জন্য শংসাপত্র প্রদান করা হয়। পিএম উজ্জ্বলা যোজনায় ৯ জন সুবিধাভোগীকে নতুন গ্যাস সংযোগ দেওয়া হয়। বনদপ্তরের পক্ষ থেকে ৭২ জনকে বিভিন্ন প্রজাতির গাছের চারা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ২ জন গর্ভবতী মহিলাকে পোষণ কিটস দেওয়া হয়। এলাকার ২৪টি প্রাণীপালক পরিবারকে তাদের গৃহপালিত প্রাণীর জন্য বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ১৪৭ জনের স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ দেওয়া হয়। এছাড়াও বিভিন্ন দপ্তর থেকে বিভিন্ন সুবিধা এলাকাবাসীদের মধ্যে বিতরণ করা হয়। বিকাশ শিবিরে বিকশিত ভারত সংকল্প যাত্রার তথ্য সম্বলিত প্রচার গাড়িকে স্বাগত জানানো হয়। এদিনে শিবিরে ব্লক এলাকার পূর্ব চাম্পাছড়া, পশ্চিম চাম্পাছড়া এবং শিববাড়ি ভিলেজের জনগণ অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*